# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ
www.bb.org.bd

**সুপারভাইজরি ডেটা ম্যানেজমেন্ট এন্ড এনালিটিক্স ডিপার্টমেন্ট (এসডিএডি)**

**এসডিএডি সার্কুলার লেটার নং– ০৪**

**তারিখ: ২৫ ফাল্গুন ১৪৩২ / ১০ মার্চ ২০২৬**

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

**১৮ মার্চ ২০২৬ তারিখ বুধবার পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষে তফসিলি ব্যাংক বন্ধ রাখা প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

১। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৮ মার্চ ২০২৬ তারিখে জারিকৃত প্রজ্ঞাপন নং-০৫.০০.০০০০.০০০.১৭৫.০৮.০০২০.২৫-২৮ এর মাধ্যমে আসন্ন শব-ই-কদর ও ঈদ-উল-ফিতরের পূর্ব নির্ধারিত ছুটির মধ্যবর্তী ১৮ মার্চ ২০২৬ তারিখ বুধবার নির্বাহী আদেশে সরকারি ছুটি ঘোষণা করায় তফসিলি ব্যাংকের সকল শাখা/উপশাখা বন্ধ থাকবে।

২। আসন্ন ঈদ-উল-ফিতরের পূর্বে তৈরি পোশাক শিল্প খাতে নিয়োজিত শ্রমিক-কর্মচারীদের বেতন, বোনাস ও অন্যান্য ভাতাদি পরিশোধের সুবিধার্থে এবং রপ্তানি বিল ক্রয়ের লক্ষ্যে কেবল ঢাকা মহানগরী, আশুলিয়া, টঙ্গী, গাজীপুর, সাভার, ভালুকা, নারায়ণগঞ্জ ও চট্টগ্রামে অবস্থিত পোশাক শিল্পের লেনদেন সংশ্লিষ্ট এলাকার বাণিজ্যিক ব্যাংকগুলোর শাখাসমূহে পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিতকরত আগামী ১৮ ও ১৯ মার্চ ২০২৬ তারিখ যথাক্রমে বুধ ও বৃহস্পতিবার নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সীমিত সংখ্যক লোকবলের মাধ্যমে সীমিত পরিসরে ব্যাংকিং কার্যক্রম পরিচালিত হবে:

| অফিস সময়সূচি | লেনদেনের সময়সূচি |
|---|---|
| সকাল ১০:০০ টা হতে অপরাহ্ণ ২:০০ টা পর্যন্ত<br>(দুপুর ১:১৫ টা হতে ১:৩০ টা পর্যন্ত যোহরের নামাজের বিরতি) | সকাল ১০:০০ টা হতে দুপুর ১:০০ টা পর্যন্ত |

৩। সমুদ্র/স্থল/বিমান বন্দর এলাকায় (পোর্ট ও কাস্টমস এলাকা) অবস্থিত ব্যাংকের শাখা/উপশাখা/বুথসমূহ সপ্তাহে ০৭ দিন ২৪ ঘন্টা চালু রাখার বিষয়ে ০৫ আগস্ট ২০১৯ তারিখে জারিকৃত ডিওএস সার্কুলার লেটার নং-২৪ অনুসারে ১৭ মার্চ ২০২৬ তারিখ হতে ২৩ মার্চ ২০২৬ তারিখ পর্যন্ত (ঈদের দিন ব্যতীত) সরকারি ও সাপ্তাহিক ছুটির দিনে আমদানি-রপ্তানি সংক্রান্ত কার্যক্রম সীমিত আকারে চলমান রাখার নিমিত্ত স্থানীয় প্রশাসনসহ বন্দর/কাস্টমস কর্তৃপক্ষের সাথে আলোচনাক্রমে ব্যাংকসমূহ যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে পারে।

৪। ছুটির দিনে দায়িত্ব পালনকারী কর্মকর্তা/কর্মচারীগণ বিধি মোতাবেক ভাতাদি প্রাপ্য হবেন।

৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় অর্পিত ক্ষমতাবলে জনস্বার্থে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আবদুল মান্নান)
পরিচালক (এসডিএডি)
ফোন: ৯৫৩০০৯৩